

ওয়েবস্টেট প্রকাশের দুই সপ্তাহ

# সমকাল

## ব্র্যাক বিশ্ববিদ্যালয়ে 'বিজনেস এন্ড ম্যানেজমেন্ট' সম্মেলন শুরু

প্রকাশ: ২৬ এপ্রিল ২০১৯ আপডেট: ২৬ এপ্রিল ২০১৯

### অনলাইন ডেস্ক



সংবাদ বিজ্ঞপ্তিতে পাঠানো ছবি

ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে শুরু হয়েছে 'ইন্টারন্যাশনাল কনফারেন্স অন বিজনেস অ্যান্ড ম্যানেজমেন্ট (আইসিবিএম)-২০১৯'। বৃহস্পতিবার রাজধানীর হোটেল ওয়েস্টিনে শিক্ষার্থী-গ্র্যাজুয়েট ও গবেষকদের এই মিলনমেলা শুরু হয়। দ্বিতীয়বারের মতো তিন দিনব্যাপী এই সম্মেলনের আয়োজন করছে ব্র্যাক বিজনেস স্কুল।

শুক্রবার, প্রধান অতিথি হিসেবে এই সম্মেলনের উদ্বোধন করেন ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. ভিনসেন্ট চ্যাং। ব্র্যাক বিজনেস স্কুলের ডিন প্রফেসর মোহাম্মদ মাহবুব রহমান সম্মেলনে সভাপতিত্ব করেন। বিশেষ অতিথি ছিলেন এসিআই গ্রুপের চেয়ারম্যান এম আনিস উদ দৌলা ও প্রোগ্রাম চেয়ার মামুন হাবিব।

প্রধান অতিথির বক্তব্যে ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের উপাচার্য বলেন, অর্থনৈতিকভাবে বাংলাদেশ এখন শক্তিশালী দেশগুলোর কাতারে। ব্যবসা বাণিজ্য দারুণভাবে বিকশিত হচ্ছে। নতুন ও উদ্ভাবনী ধারণা তৈরির জায়গা হিসেবে এই ধরনের সম্মেলনে দেশি-বিদেশি গবেষক-শিক্ষার্থীদের মিলন মেলায় পরিণত হয়েছে।

দিনের প্রথম সেশনের মূল প্রবন্ধ উপস্থাপন করেন তাইওয়ানের ন্যাশনাল চুং সিং ইউনিভার্সিটির প্রফেসর ড. জং রু লি। নিউ ইন্টারনেট মার্কেটিং স্ট্রাটেজি, ব্লকচেইন ম্যানেজমেন্টের ওপর প্রবন্ধ উপস্থাপন করেন তিনি। এরপর 'রাইজ অফ দ্যা ইন্ডাস্ট্রি ৪.০' শীর্ষক গবেষণাপত্র উপস্থাপন করেন এসিআই গ্রুপের চেয়ারম্যান এম আনিস উদ দৌলা।

তিনি বলেন, বর্তমান সময়ে কৃত্রিম বুদ্ধিমত্তার অভূতপূর্ব উন্নতি হয়েছে। বিশ্ব আধুনিকতার দিকে এগুলেও বাংলাদেশের যাত্রাটা সেভাবে গতিশীল হয়নি। ডিজিটাল বাংলাদেশ গড়তে হলে দ্রুত নতুন এই বিষয়গুলোর সঙ্গে পরিচিত হতে হবে।

পরে 'ইন্ডাস্ট্রি টক' শীর্ষক অনুষ্ঠানে বক্তব্য রাখেন আবদুল মোনেম লিমিটেড এর ডেপুটি ডিরেক্টর মাইনুদ্দিন মোনেম ও ব্র্যাক ব্যাংক লিমিটেড এর ম্যানেজিং ডিরেক্টর ও সিইও সেলিম আর এফ হোসাইন। বাংলাদেশ ব্যাংকিং খাত নিয়ে বক্তব্য রাখেন বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ও ব্র্যাক বিজনেস স্কুলের প্রফেসর ড. সালেহ উদ্দিন আহমেদ। শনিবার সম্মেলনের সমাপনী অনুষ্ঠানে উপস্থিত থাকবেন সংস্কৃতি বিষয়ক প্রতিমন্ত্রী কে এম খালিদ। সংবাদ বিজ্ঞপ্তি